

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চান
আপনার হাতে


স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৬.১৩৫৬

তারিখ: ০৩/০২/২০২৬ খ্রি.

২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্স এবং বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে:

১. অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের টেলিটক এর মাধ্যমে অনলাইনে (<http://dgme.teletalk.com.bd>) আবেদন করতে হবে। ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।
২. অনলাইনে আবেদন পূরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুকে, নির্দেশনা অনুযায়ী: সতর্কতার সাথে পূরণ করতে হবে। আবেদন ফি (২০০+১০০) = ৩০০/- (তিনশত) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।
৩. অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ : ০৩/০২/২০২৬ খ্রি.
৪. অনলাইন আবেদন শুরু তারিখ : ০৫/০২/২০২৬ খ্রি.
৫. অনলাইন আবেদনের শেষ তারিখ : ০১/০৩/২০২৬ খ্রি.
৬. আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ০২/০৩/২০২৬ খ্রি.
৭. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ও কোটা নির্ধারনে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ও অনুমোদিত '২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা' প্রযোজ্য হবে।
৮. বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। বেসরকারি মেডিকেল কলেজে ছাত্র/ছাত্রী ভর্তিসহ সকল ক্ষেত্রে এমবিবিএস এবং বিডিএস কোর্সের যাবতীয় ফি ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হবে।
৯. অনলাইন ফরম পূরণের নিয়মাবলি ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd ও টেলিটক এর ওয়েব সাইট <http://dgme.teletalk.com.bd> হতে জানা যাবে।
১০. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।
১১. নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।
১২. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


অধ্যাপক ডা. মো: মইউদ্দিন মাতুন
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব

২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস ভর্তি কমিটি
ফোনঃ- ৮৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

